**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র জোরদারকরণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্পের উপর ২৫-১১-২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য পিইসি সভার কার্যপত্রে পরিকল্পনা কমিশনের মতামত ও সুপারিশের উপর যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মতামত ঃ**

| নং | পরিকল্পনা কমিশনের মতামত ও সুপারিশ ঃ | যুব ও ক্রীড়া মন্ত্রণালযের মতামত |
|---|---|---|
| ১১.৫ | অনাবাসিক ভবন হিসেবে ৬-তলা হোস্টেল-কাম-একাডেমিক ভবন (প্রতি তলা ৫০০ ব: মি:) এবং আবাসিক ভবন হিসেবে প্রিন্সিপাল এবং ভাইস প্রিন্সিপাল এর কোয়ার্টার (প্রতি তলা ১২০ ব: মি:) নতুন নির্মাণ, কর্মকর্তাদের বাসভবন ৪র্থ ও ৫ম তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণ (প্রতি তলা ২০০ ব: মি:) কর্মচারিদের বাসভরন ৪র্থ ও ৫ম তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণ (প্রতি তলা ৩১০ ব: মি:) বিষয়ে আলোচনা হতে পারে। ১৮৫০ ঘ: মি: ভূমি উন্নয়ন বাবদ ৮.১৭ লক্ষ টাকা সংস্থান বিষয়ে আলোচনা প্রয়োজন; | যুব উন্নয়ন অধিদপ্তরে বর্তমানে রাজস্ব ও উন্নয়ন খাত এবং সমাপ্ত প্রকল্পের মোট ৭,১৮৫ জন কর্মকর্তা ও কর্মচারী কর্মরত আছে। তাদের পেশাগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রতিবছর বিষয়ভিত্তিক প্রশিক্ষণের প্রয়োজন। কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের বর্তমান ক্যাপাসিটিতে বছরে মাত্র ১০০০ থেকে ১২০০ জনের প্রশিক্ষণ দেয়া সম্ভব হচ্ছে। ফলে প্রতিবছরই বিপুল সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী প্রশিক্ষণ থেকে বঞ্চিত হচ্ছে। এসব সমস্যা সমাধানের লক্ষ্যে ৬ তলা বিশিষ্ট হোস্টেল কাম একাডেমিক ভবন নির্মাণের প্রস্তাব করা হয়েছে। কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রটি আবাসিক হলেও এর প্রিন্সিপাল এবং ভাইস প্রিন্সিপাল এর জন্য কোন কোয়ার্টার নেই। অথচ প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রিন্সিপাল এবং ভাইস প্রিন্সিপাল এর কেন্দ্রে অবস্থান করা প্রয়োজন। এছাড়া কর্মকর্তা ও কর্মচারীদের বর্তমান বাসস্থানে স্থান সংকুলান না হওয়ায় কর্মকর্তা ও কর্মচারীদের বিদ্যমান বাসস্থানের উর্ধ্বমুখি সম্প্রসারণের প্রস্তাব করা হয়েছে। কেন্দ্রের জমি অধিগ্রহণের সময় কেন্দ্রের চারপাশে কোন বাড়ী বা স্থাপনা ছিলনা। কেন্দ্রের জমি বিভিন্ন স্থানে উঁচুনিচু হওয়ায় বর্ষায় পানি জমে থাকে। এছাড়া নির্মাণ কাজে ব্যবহৃত মালামাল পরিবহনে ট্রাকের আসা-যাওয়ার ফলেও কেন্দ্রের জমি বসে যাবে। এসব সমস্যা সমাধানের জন্যই ভূমি উন্নয়ন বাবদ ৮.১৭ লক্ষ টাকার সংস্থান ডিপিপিতে রাখা হয়েছে। |
| ১১.৬ | ১৮৬০ জনকে প্রশিক্ষণ প্রদান বাবদ ৪.৩০০২ কোটি টাকা প্রাক্কলনের ভিত্তি সভাকে অবহিত করা প্রয়োজন। কোন কোন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হবে, তা বিস্তারিতভাবে (বিষয়ের নাম, ব্যাচ সংখ্যা, ব্যাচ প্রতি প্রশিক্ষণার্থী সংখ্যা, ব্যাচ প্রতি ব্যয়) উল্লেখ করতে হবে। প্রকল্প থেকে বৈদেশিক প্রশিক্ষণ বাদ দিতে হবে; | প্রকল্পের আওতায় কোন কোন বিষয়ে কর্মকর্তা ও কর্মচারীদের কতদিনের প্রশিক্ষণ দেয়া হবে তা ডিপিপি'র ১২ নম্বর পৃষ্ঠায় দেয়া হয়েছে। কর্মকর্তা ও কর্মচারীদের ৩০ ও ৪০ জনের ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হবে। এক সপ্তাহের ব্যাচে ব্যয় হবে ২.৮২৫ লক্ষ টাকা, দুই সপ্তাহের ব্যাচে ব্যয় হবে ৪.৯৫ লক্ষ টাকা, তিন সপ্তাহের ব্যাচে ব্যয় হবে ৬.৮৭ লক্ষ টাকা, চার সপ্তাহের ব্যাচে ব্যয় হবে ৯.০০ লক্ষ টাকা এবং আট সপ্তাহের ব্যাচে ব্যয় হবে ১৭.৪০ লক্ষ টাকা। প্রশিক্ষণে বিষয়বস্তু উপস্থাপনায় |

| | | |
|---|---|---|
| | | প্রতিনীয়ত নতুন নতুন কৌশল সংযোজিত হওয়ায় কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের কর্মকর্তাদের প্রশিক্ষণ কাজে দক্ষতা বৃদ্ধির জন্য দেশের পাশাপাশি বিদেশে প্রশিক্ষণ প্রয়োজন। |
| ১১.৭ | ৩টি দাপ্তরিক এবং ২টি আবাসিক সংযোগ ও বিল বাবদ মোট ৩.৩৮ লক্ষ টাকা প্রাক্কলন অত্যধিক প্রতীয়মান হয়। প্রকল্পের অর্থে আবাসিক টেলিফোন সংযোগের কোন সুযোগ নেই বিধায় তা বাদ দিতে হবে। প্রকল্প থেকে মূল্যায়ন অঙ্গ বাদ দিতে হবে; | ৩টি দাপ্তরিক এবং ২টি আবাসিক সংযোগ ও বিল বাবদ মোট ৩.৩৮ লক্ষ টাকা প্রাক্কলন অত্যধিক নয়। ৫টি টেলিফোনের মাসিক বিল পরিশোধ বাবদ ৮০০০.০০ টাকার সংস্থান রাখা হয়েছে যা প্রতিটি টেলিফোনের মাসিক বিল পরিশোধ বাবদ গড়ে মাত্র ১৬০০.০০ টাকা। প্রকল্পের কার্যক্রম ডিপিপি'র সংস্থান অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা যাচাই করার জন্য মধ্যবর্তী মূল্যায়ন প্রয়োজন। |
| ১১.৮ | ইন্টারনেট এবং ফ্যাক্স সংযোগ ও বিল বাবদ মোট ২০.৮০ লক্ষ টাকা, জ্বালানি বাবদ ৩০.০০ লক্ষ টাকা সংস্থান অত্যধিক প্রতীয়মান হয়। মুদ্রণ ও বাঁধাই (৮.৪২ লক্ষ), প্রচার ও বিজ্ঞাপন (১৩.০০ লক্ষ), ব্যবস্থাপনা ব্যয় (৩৯.০০ লক্ষ), বইপত্র/সাময়িকী (৫.০০ লক্ষ), ব্যবহার্য্য দ্রব্যাদি (১০.০০ লক্ষ) বিছানাপত্র (১৫.৪২ লক্ষ), সম্মানি (২৪.০০ লক্ষ), কারিকুলাম তৈরি ও প্রকাশনা (৮.০০ লক্ষ) বাবদ সংস্থান যৌক্তিক পর্যায়ে হ্রাস করা প্রয়োজন; | কেন্দ্রের কম্পিউটার ল্যাব এবং প্রশিক্ষণার্থীদের ইন্টারনেট ব্যবহার নির্বিঘ্ন রাখার জন্য সাভার বিটিসিএল অফিস থেকে কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রে ব্রডব্যান্ড ইন্টারনেট সংয়োগ স্থাপনে ১০.০০ লক্ষ টাকা ব্যয় হবে। এজন্য ইন্টারনেট এবং ফ্যাক্স সংযোগ ও বিল বাবদ মোট ২০.৮০ লক্ষ টাকা ব্যয়ের সংস্থান ডিপিপিতে রাখা হয়েছে। অন্যান্য খাতের ব্যয় সম্পর্কে সভায় আলোচনা হতে পারে। |
| ১১.৯ | স্টেশনারি বাবদ ১২.০০ লক্ষ টাকা অত্যধিক প্রতীয়মান হয়। ষ্টেশনারি অংঙ্গের বিস্তারিত ব্যয় বিভাজন (আইটেম, সংখ্যা, একক দর, মোট ব্যয়) ডিপিপি-তে সংযুক্ত করতে হবে; | ষ্টেশনারি অংঙ্গের ব্যয় বিভাজন নিয়ে সভায় আলোচনা হতে পারে। |
| ১১.১০ | ক্যামেরা (১৫.৯২ লক্ষ), অফিস সরঞ্জাম (১.৪৭৮৪ কোটি), কম্পিউটার ও যন্ত্রাংশ (৩৫.০০ লক্ষ), আসবাবপত্র (৯৫.৬৪ লক্ষ), বৈদ্যুতিক সরঞ্জামাদি (৬.৬০ লক্ষ) বাবদ সংস্থান যৌক্তিক পর্যায়ে হ্রাস করতে হবে; | কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা এবং কেন্দ্রের সকল কার্যক্রমের তথ্য ধারণ করার জন্য ক্যামেরার সংস্থান রাখা হয়েছে। এছাড়া কেন্দ্রীয় মানবসম্পদ কেন্দ্রের প্রশিক্ষণসহ সকল কার্যক্রমের আধুনিকায়ন এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। এজন্য প্রয়োজনীয় অফিস সরঞ্জাম, কম্পিউটার ও যন্ত্রাংশ, আসবাবপত্র এবং বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় বাবদ এ অর্থের সংস্থান রাখা হয়েছে। |
| ১১.১১ | পরামর্শক বাবদ ৪০.৬০ লক্ষ টাকা সংস্থানের প্রয়োজনীয়তা আলোচনা প্রয়োজন। পরামর্শক নিয়োগ করতে হলে পরামর্শকের সুনিদিষ্ট | পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে কেন্দ্রের প্রস্তাবিত অবকাঠামো নির্মাণ করা হবে। মোট নির্মাণ ব্যয়ের ২% |

| | | |
|---|---|---|
| | কর্মপরিধি ডিপিপি-তে সংযুক্ত করতে হবে। সেবা ক্রয় পরিকল্পনা ছকে পরামর্শকের ক্রয় পদ্ধতি কিউসিবিএস উল্লেখ করতে হবে; | হিসেবে পরামর্শক বাবদ ৪০.৬০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। পরামর্শকের সুনির্দিষ্ট কর্মপরিধি ডিপিপি-তে সংযুক্ত করা হবে। সেবা ক্রয় পরিকল্পনা ছকে পরামর্শকের ক্রয় পদ্ধতি কিউসিবিএস উল্লেখ করা হবে। |
| ১১.১২ | শর্ট ফিল্ম তৈরির প্রয়োজনীয়তা আলোচনা করা প্রয়োজন। এ অঙ্গের ব্যয় প্রাক্কলন অত্যধিক প্রতীয়মান হয়। শর্ট ফিল্ম তৈরি সংক্রান্ত ব্যয় সংস্থার রাজস্ব বাজেট থেকে নির্বহ করা সমীচীন; | যুব উন্নয়ন অধিদপ্তর ৪১টি ট্রেডে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ এবং ৪২টি ট্রেডে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কার্যক্রমসহ কর্মশালা, সেমিনার, যুব সমাবেশ, ঋণ বিতরণ, আত্মকর্মসংস্থান ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করছে। এসব কর্মকাণ্ডের প্রচারের অভাবে দেশে সুধীসমাজসহ যুবরা যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানার সুযোগ পাচ্ছেনা। এজন্য একটি শর্টফিল্ম তৈরি করে কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের কার্যক্রমসহ যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম প্রচারের ব্যবস্থা করা হবে। |
| ১১.১৩ | ৬টি কর্মশালা, ৬টি সেমিনার এবং ১টি আন্তর্জাতিক সেমিনার আয়োজন বাবদ প্রস্তাবিত ৯০.০০ লক্ষ টাকা যৌক্তিকভাবে হ্রাস করা প্রয়োজনা। প্রকল্পের আওতায় ১১.৩৮ লক্ষ টাকা ব্যয়ে ক্রীড়া ও ব্যায়াম সামগ্রী ক্রয়ের প্রয়োজনীয়তা আলোচনা করা যেতে পারে; | ৬০ জন অংশগ্রহণকারীর সমন্বয়ে ১টি কর্মশালা অথবা ১টি সেমিনার অয়োজন বাবদ ব্যয় ২.৫০ লক্ষ টাকা এবং ১টি আন্তর্জাতিক সেমিনার আয়োজন বাবদ ৬০.০০ লক্ষ টাকা যৌক্তিক হিসেবে বিবেচনা করা যেতে পারে । প্রশিক্ষণের পাশাপাশি শারীরিক সুস্থ্যতাও প্রয়োজন। এজন্য প্রকল্পের আওতায় ক্রীড়া ও ব্যায়াম সামগ্রী ক্রয়ের সংস্থান রাখা হয়েছে। |
| ১১.১৪ | মোটরযান মেরামত (১৫.০০ লক্ষ), আসবাবপত্র মেরামত (৪.০০ লক্ষ), কম্পিউটার মেরামত (১৪.০০ লক্ষ), যন্ত্রপাতি ও সরঞ্জামাদি মেরামত (১২.০০ লক্ষ), আবাসিক ভবন মেরামত (৪০.৩৯ লক্ষ), অনাবাসিক ভবন মেরামত (১১৭.৫৬ লক্ষ), অন্যান্য ভবন ও স্থাপনা মেরামত (১১০.৫৯ লক্ষ), বাবদ সর্বমোট ৩.১৪৫৪ কোটি টাকা সংস্থান গ্রহণযোগ্য নয়। মেরামত বাবদ ব্যয় সংস্থার রাজস্ব বাজেট থেকে নির্বাহ করা করতে হবে; | বিদ্যমান আবাসিক ও অনাবাসিক ভবন, অন্যান্য ভবন ও স্থাপনা মেরামত ও রং করা প্রয়োজন। কেন্দ্রের সীমানা প্রাচীর নিচু হওয়ায় তা উচুঁ করে কাটাতারের রেড়া নির্মাণ, ড্রেনেজ সিস্টেম, গভীর নলকূপ ও পানি সরবরাহ লাইন, অভ্যন্তরীণ রাস্তা মেরামত ও সংস্কার করা প্রয়োজন। এছাড়া কেন্দ্রের যানবাহন, কম্পিউটার ও যন্ত্রপাতি প্রশিক্ষণ কাজে পুনঃপুন ব্যবহারের ফলে মেরামত করা প্রয়োজন হবে। প্রকল্পভুক্ত এসব কাজে প্রয়োজনীয় অর্থ রাজস্ব বাজেট হতে পাওয়া যায় না বিধায় প্রকল্পে সংস্থান রাখা হয়েছে। |
| ১১.১৫ | ১টি জিপ/ মাইক্রোবাস এবং ১টি মিনি বাস ক্রয়ের প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের আওতায় যান ক্রয়ের ক্ষেত্রে অর্থবিভাগের জনবল নির্ধারণ কমিটির সুপারিশ আবশ্যক। কিন্তু ডিপিপি-তে তা সংযুক্ত নেই; | প্রকল্পের আওতায় জনবল নিয়োগের প্রস্তাব না থাকায় অর্থবিভাগের জনবল নির্ধারণ কমিটির সুপারিশ আবশ্যক নয়। এছাড়া অর্থবিভাগের জনবল নির্ধারণ কমিটি শুধুমাত্র জনবল নিয়োগের সুপারিশ করে থাকে। |
| ১১.১৬ | ডিপিপি'র ২৪.৫নং অনুচ্ছেদে উল্লেখ আছে যে, কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হলে বেকার যুবক ও যুবমহিলাদের কর্মসংস্থান/ | প্রকল্পের আওতায় প্রশিক্ষণ গ্রহণ হরে কর্মকর্তা-কর্মচারীগণ জেলা ও উপজেলায় কাজ করবে। তাঁদের প্রধান কাজ |

| | | |
|---|---|---|
| | আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। বিষয়টি বোধগম্য নয়; | হলো প্রশিক্ষণ ও ঋণ প্রদান করে বেকার যুবক ও যুবমহিলাদের আত্মকর্মসংস্থানে নিয়োজিত করা। প্রশিক্ষণ গ্রহণের ফলে কর্মকর্তা-কর্মচারীগণ আরো দক্ষভাবে যুবদের উদ্বুদ্ধ করে অধিক সংখ্যক যুবদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থানে নিয়োজিত করতে পারে। প্রশিক্ষকদের দক্ষতা বৃদ্ধি পেলে প্রশিক্ষণের মানও বৃদ্ধি পারে। এভাবে বেকার যুবক ও যুবমহিলাদের কর্মসংস্থান/আত্মকর্মসংস্থানের অধিক সুযোগ সৃষ্টি হবে। |
| ১১.১৭ | ২০নং অনুচ্ছেদে প্রধান আইটেম হিসেবে অন্যান্য অঙ্গের সাথে "প্রশিক্ষণ", "ভবন নির্মাণ", ''কারিকুলাম তৈরি",''পরামর্শক" এর মতো গুরুত্বপূর্ণ অঙ্গ সম্পর্কিত তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে। ১৯ নং অনুচ্ছেদে প্রকল্পের আওতায় প্রতিটি অঙ্গের একক, একক দর, দরের ভিত্তি, উৎস উল্লেখ করতে হবে। ৩০নং অনুচ্ছেদে প্রকল্পের ঝুঁকি হিসেবে ডিপিপি-তে বছরওয়ারি প্রতিফলন অনুযায়ী এডিপি বরাদ্দ প্রাপ্তি উল্লেখ আছে, যা বোধগম্য নয়; | ২০নং অনুচ্ছেদে প্রধান আইটেম হিসেবে অন্যান্য অঙ্গের সাথে "প্রশিক্ষণ", "ভবন নির্মাণ", ''কারিকুলাম তৈরি",''পরামর্শক" এর তথ্য উল্লেখ করা হবে। ১৯ নং অনুচ্ছেদ প্রকল্পের আওতায় প্রতিটি অঙ্গের একক, একক দর, দরের ভিত্তি, উৎস উল্লেখ করা হবে। ৩০নং অনুচ্ছেদে প্রকল্পের ঝুঁকি হিসেবে ডিপিপি-তে বছরওয়ারি প্রতিফলন অনুযায়ী এডিপি বরাদ্দ প্রাপ্তির বিষয়টি হলো ডিপিপিতে প্রতিবছর ব্যয়ের প্রাক্কলন অনুযায়ী এডিপিতে বরাদ্দ না পাওয়ায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন ব্যাহত হয়। |
| ১১.১৮ | ৩১ এবং ৩২.১ নং অনুচ্ছেদসমূহে প্রকল্পের সমাপ্তির পরে প্রকল্পে সৃষ্ট সুবিধাদি টেকসই করার রুপরেখা যথাযথভাবে উল্লেখ করতে হবে; | ৩১ এবং ৩২.১ নং অনুচ্ছেদসমূহে প্রকল্পের সমাপ্তির পরে প্রকল্পে সৃষ্ট সুবিধাদি টেকসই করার রুপরেখা যথাযথভাবে উল্লেখ করা হবে। |
| ১১.১৯ | লগ-ফ্রেমে ''লক্ষ্য" এবং '' উদ্দেশ্য" এর বিপরীতে OVI হিসেবে সুনির্দিষ্টভাবে নির্দেশক উল্লেখ করতে হবে। প্রকল্পটির আর্থিক বিশ্লেষণ করা না হলেও অর্থনৈতিক বিশ্লেষণ সম্পাদনপূর্বক যথাযথ তথ্য ১৭ নং অনুচ্ছেদে উল্লেখ করতে হবে। | লগ-ফ্রেমে ''লক্ষ্য" এবং '' উদ্দেশ্য" এর বিপরীতে OVI হিসেবে সুনির্দিষ্টভাবে নির্দেশক উল্লেখ করা হবে। প্রকল্পটির অর্থনৈতিক বিশ্লেষণ সম্পাদনপূর্বক যথাযথ তথ্য ১৭ নং অনুচ্ছেদে উল্লেখ করা হবে। |



-সমাপ্ত -